গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নং- ৩১.৪১.৯৩৪৭.০০০.০৫.০০১.২০২০-

তারিখঃ ০৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ।
১৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নং ০১/১৪৩০ বঙ্গাব্দ**

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, কালিহাতি উপজেলাধীন নিম্নবর্ণিত ২০ একরের নিম্ন আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল সমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক আগামী ০৩ (তিন) বছর অর্থাৎ ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্ত সাপেক্ষে আগামী ২৩ জানুয়ারি ২০২৪ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

**অনলাইনে আবেদন ও দাখিলের তারিখঃ**

| ক্রঃ নং | অনলাইনে আবেদনের সময় পত্র বিক্রয়ের তারিখ(অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের তারিখ ও সময়। | আবেদনপত্র যাচাই বাছাই | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ২৩/০১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৬/০২/২০২৪ খ্রি. পর্যন্ত।(বাংলা ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ পর্যন্ত ) | ১৮/০২/২০২৪ খ্রি. হতে ২২/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত(বাংলা ০৫ ফাল্গুন ১৪৩০ হতে ০৯ ফাল্গুন ১৪৩০ বিকাল ৫.০০ পর্যন্ত।) | ২৭/০২/২০২৪ খ্রি. (বাংলা ১৪ ফাল্গুন) | |

**১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ইজারা যোগ্য জলমহালের তালিকাঃ**

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | জলমহালের আয়তন | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারী ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে তিন বছরের সর্ব মোট ইজারামূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মহিষজোড়া খাসপুকুর -৩ | কোকডহরা | আয়তন- ২.০৫(একর) | ১৫০০০/- | ১৫৭৫০/- | ৪৭২৫০/- | ১৪৩১-১৪৩৩ | ইজারা বিজ্ঞপ্তিতে কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হলে উহা সংশোধন যোগ্য। |
| ০২ | মহিষজোড়া খাসপুকুর -৪ | কোকডহরা | আয়তন- ২.৮৭(একর) | ১০০০০/- | ১০৫০০/- | ৩১৫০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৩ | উত্তর চামুরিয়া খাস পুকুর-০৩ | কালিহাতি পৌর | আয়তন- ০.৩৪(একর) | ১০০০/- | ১০৫০/- | ৩১৫০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৪ | উত্তর চামুরিয়া খাস পুকুর-০৪ | কালিহাতি পৌর | আয়তন- ০.৪৪(একর) | ৪০০০/- | ৪২০০/- | ১২৬০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৫ | তেজপুর খাস পুকুর | নাগবাড়ী | আয়তন- ৪.৯৮(একর) | ১৯৫১৩৮/- | ২০৪৮৯০/- | ৬১৪৬৭০/- | ১৪৩১-১৪৩৩ | |

**বন্দোবস্ত প্রদানের শর্তাবলীঃ**

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয় সমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহাল আবেদনের জন্য সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক আগামি ২৩/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে (jm.lams.gov.bd ওয়েবসাইটে গিয়ে) নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক আগামী ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে(jm.lams.gov.bd ওয়েবসাইটে গিয়ে) আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপির সহিত আবেদন ফরমের মুল্য বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/পে- অর্ডার(যে কোন তফসিল ব্যাংক হতে) ও জামানতের মূলকপি সীলগালা মুখ বন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখকরে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।

৪। নিবন্ধিত প্রার্থীগন অনলাইনে আবেদনের জন্য মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক এর নাম, পদবী, এফ আই ডি, জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ সহ সমিতির যাবতীয় তথ্যাদি পুরন করে আবেদন দাখিল সম্পন্ন করতে হবে।

৫। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

৬। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৭।প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন,তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবেনা। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৮। আবেদনকারী কোন মৎসজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানসরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন নেই।

৯।যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

১০। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-ইজারা অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্থান্তর করতে পারবেনা এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে, তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত জলমহালের ইজারা বাতিল করতে পারবেন এবং জমাকৃত ইজারার অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতে পারবেন। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১১। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১২। আবেদনে উল্লেখিত ইজারামূল্যের ২০% (তিন বছরের মোট ইজারা মূল্যের) ব্যাংক ড্রাফট জামানত হিসাবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৩। যার দরপত্র গৃহীত হবে, ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর ইজারার অর্থের সাথে প্রদান করতে হবে।
১৪। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।
১৫। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদি সহ যে কোন বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জানা যাবে।
১৬। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৭.০১.২৪

(শাহাদাত হুসেইন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালিহাতি,টাঙ্গাইল।

স্মারক নং- ৩১.৪১.৯৩৪৭.০০০.০৫.০০১.২০২০- ৩৬

তারিখঃ ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৩ টাঙ্গাইল ৪, কালিহাতি, টাঙ্গাইল।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কালিহাতি, টাঙ্গাইল।
৫। মেয়র, কালিহাতী/এলেঙ্গা পৌরসভা, কালিহাতি, টাঙ্গাইল।
৬। উপজেলা ........................................................................ কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালিহাতি থানা, কালিহাতি, টাঙ্গাইল।
৮। সভাপতি/ সম্পাদক.............................................................. কালিহাতি, টাঙ্গাইল।
৯। চেয়ারম্যান.............................................................ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
১০। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা.......................................................পৌর/ইউনিয়ন ভূমি অফিস, কালিহাতি, টাঙ্গাইল।
(তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১। জনাব.............................................................সভাপতি,..............................................................মৎস্যজীবি সমিতি লিঃ।
১২। অফিস কপি।

১৭/০১/২০২৪

(মোহাম্মদ সিফাত বিন সাদেক)
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।